

তারানা হালিম সিডনিতে



সিডনি, ২১ আগস্ট: বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে যোগ দিতে জনপ্রিয় অভিনেত্রী, আইনজীবী ও সংসদ সদস্য তারানা হালিম বিকাল ৪.৩০ মিনিটে সিংগাপুর এয়ারলাইন্সে সিডনি এসে পৌঁছেছেন। এয়ারপোর্টে তারানাকে ফুলের তোড়া দিয়ে অভ্যর্থনা জানান বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. বোরহান উদ্দিন ও সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র। এ ছাড়াও উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের প্রাক্তন সভাপতি গামা আব্দুল কাদির, বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক পি এস চুন্নু, বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি ড. এজাজ আল মামুন, জয়েন্ট সেক্রেটারী ইফতেখার উদ্দিন ইফতু, কার্যকরী সদস্য মাহবুবুর রহমান ও লিয়াকত আলী লিটন প্রমুখ।

উল্লেখ্য, ২২শে আগস্ট, রবিবার বিকাল ৩টায় বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া আয়োজিত শোক দিবস-২০১০ এর অনুষ্ঠানে তিনি অতিথি বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।